গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
১ম ১২ তলা সরকারি অফিস ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৭/১০/২০১৬ খ্রি. অনুষ্ঠিত ৯ম সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : শিরিন আখতার, মহাপরিচালক(অতিরিক্ত সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

সভার তারিখ : ২৪/১০/২০১৬ খ্রি.

সময় : সকাল ১০.৩০ ঘটিকা

সভার স্থান : বোর্ডের সভা কক্ষ

সভায় কর্মকর্তাগণের উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভার কার্যপত্র উপস্থাপনের জন্য উপপরিচালক(প্রশাসন ও কল্যাণ)-কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক(প্রশাসন ও কল্যাণ) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

৩। উপপরিচালক (প্রশাসন ও কল্যাণ) সভায় অবহিত করেন যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৭/০৪/২০১৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৮ম সমন্বয় সভার কার্যবিবরণী বোর্ডের সংশিষ্ট সকল কর্মকর্তাগণের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর কোন সংশোধন/সংযোজন সম্পর্কে কোন মন্তব্য পাওয়া যায়নি। এ বিষয়ে আলোচনান্তে সর্বসম্মতভাবে কার্যবিবরণীটি নিশ্চিত(Confirm) করা হয়।

৪। উপপরিচালক (প্রশাসন ও কল্যাণ) তারিখে ২৪/০৪/২০১৬ খ্রি. অনুষ্ঠিত ৮ম সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি এবং আলোচ্যসূচি অনুযায়ী অন্যান্য বিষয় উপস্থাপন করেন। সভার আলোচনা ও সিদ্ধান্তের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। | বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ | সভায় অবহিত করা হয় যে, খুলনা বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের মাধ্যমে খুলনার কমিউনিটি সেন্টারের নকশা প্রণয়নের বিষয়ে স্থাপত্য অধিদপ্তরের অনাপত্তির জন্য প্রধান কার্যালয় থেকে স্থাপত্য অধিদপ্তরে পত্রযোগাযোগ করা হলে স্থাপত্য অধিদপ্তর ০১/০৬/২০১৬ খ্রি. তারিখে অনাপত্তির বিষয়ে কোন কিছু উল্লেখ না করে জানিয়েছে যে, নকশা প্রণয়নে আরও সময় প্রয়োজন। এ থেকে প্রতীয়মান হয় যে, স্থাপত্য অধিদপ্তর অন্য কোন সংস্থার মাধ্যমে নকশা প্রণয়নে অনাপত্তি দিতে আগ্রহী নয়।<br>মহাপরিচালক সভায় বলেন যে, চট্টগ্রাম ও খুলনা কমিউনিটি সেন্টারের স্থানে বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে গণপূর্ত বা স্থাপত্য অধিদপ্তরের ওপর পুরাপুরি নির্ভরশীল না হয়ে গণপূর্ত বা স্থাপত্য অধিদপ্তরের কারিগরি সহায়তায় | *(১) স্থাপত্য অধিদপ্তরের অনাপত্তি নিয়ে* চট্টগ্রাম ও খুলনা কমিউনিটি সেন্টারের স্থানে বহুতল ভবন নির্মাণের জন্য স্থাপত্য অধিদপ্তরের কারিগরি সহায়তায় আউট সোর্সিং এর মাধ্যমে বোর্ডের নিজস্ব তত্ত্বাবধানে নকশা তৈরি ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে; এবং<br>*(২) রাজশাহী কমিউনিটি সেন্টার কাম মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের সংস্কার/ মেরামতের কাজের কার্যাদেশ অনুযায়ী* অনতিবিলম্বে কাজ শুরু করার বিষয়ে |

| | | | |
|---|---|---|---|
| | | আউটসোর্সিং এর মাধ্যমে বোর্ডের নিজস্ব তত্ত্বাবধানে ভবন নির্মাণের কার্যক্রম পরিচালনা করার ব্যাপারে অনুমোদনের জন্য প্রস্তাব বোর্ড সভায় উপস্থাপন করা হয়েছে। বোর্ড সভায় আলোচনার পরিপ্রেক্ষিতে গণপূর্ত বা স্থাপত্য অধিদপ্তরের নিকট থেকে অনাপত্তি সনদ গ্রহণ করার জন্য গণপূর্ত বা স্থাপত্য অধিদপ্তরের নিকট পত্র দেয়া যেতে পারে।<br>চট্টগ্রাম ও খুলনা কমিউনিটি সেন্টারের স্থানে বহুতল ভবন নির্মাণের জন্য স্থাপত্য অধিদপ্তরের কারিগরি সহায়তায় আউট সোর্সিং এর মাধ্যমে বোর্ডের নিজস্ব তত্ত্বাবধানে নকশা তৈরি ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় সকলে একমত প্রকাশ করেন।<br>সভায় আরও জানান হয় যে, রাজশাহী কমিউনিটি সেন্টার কাম মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের সংস্কার/ মেরামতের জন্য ২৬/০৯/২০১৬ খ্রি. তারিখে কার্যাদেশ প্রদান করা হলেও গণপূর্ত অধিদপ্তর এই পর্যন্ত কাজ আরম্ভ করেনি। এ বিষয়ে সভাপতি অনতিবিলম্বে কাজ শুরু করার নির্দেশনা প্রদান করেন। উপপরিচালক, বিভাগীয় কার্যালয় রাজশাহীকে এ বিষয়ে তত্ত্বাবধান করার জন্য তিনি অনুরোধ করেন। | উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী গণপূর্ত অধিদপ্তর, রাজশাহীর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। |
| ২। | মাসিক কল্যাণ ভাতার কার্ডভিত্তিক হিসাব ব্যাংক ও বোর্ডের প্রধান এবং বিভাগীয় কার্যালয়সমূহের রিকনসাইল করে সমন্বয় করা | সভায় অবহিত করা হয় যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয় বরিশাল ও সিলেট বিভাগীয় কার্যালয়ের ২০০৬ সাল হতে ৩১/১২/২০১২ পর্যন্ত কল্যাণভাতার হিসাব রিকনসাইল সম্পন্ন হয়েছে। ২০১৩ হতে ২০১৫ পর্যন্ত হিসাব রিকনসাইলের কাজ চলছে। রংপুর বিভাগীয় কার্যালয়ে ২০১৩ হতে জুন, ২০১৬ পর্যন্ত সময়ের কার্ডভিত্তিক হিসাব করা হয়েছে এবং অচিরেই ব্যাংকের সাথে হিসাব রিকনসাইল করা হবে। ঢাকা বিভাগের কল্যাণভাতার হিসাব রিকনসাইলের বিষয়ে সোনালী ব্যাংক, রমনা কর্পোরেট শাখা ২১/০৪/২০১৬ খ্রি. তারিখের পত্রে জানিয়েছে যে, সার্ভার জনিত সমস্যার কারণে ২০০৬ হতে ২০১২ পর্যন্ত রিকনসাইল কাজে আরও সময় প্রয়োজন। ঢাকা বিভাগীয় কার্যালয় থেকে এ বিষয়ে ১৭/০৮/২০১৬ খ্রি. তারিখে পুনরায় পত্র দেয়া হয়েছে। চট্টগ্রাম বিভাগ ২০০৬ হতে ২০১২ পর্যন্ত ৫৮২২টি কার্ডের মধ্যে ৩৭০০টি কার্ডের হিসাববিবরণী প্রস্তুত করেছে তন্মধ্যে ২৮৬৩টি কার্ডের হিসাব রিকনসাইল করে দেখা যায় যে, ১১৫৫টি কার্ডের বিপরীতে ব্যাংক ও বিভাগীয় কার্যালয়ের পরিশোধিত অর্থের পরিমাণ সমান আছে। ৩৭৯টি কার্ডের বিপরীতে ২৫,০৫,৫৪৫.৭০ টাকা ব্যাংক কর্তৃক অতিরিক্ত পরিশোধ করা হয়েছে। এতে কয়েকটি শাখার ভুল রিপোর্টিং এর কারণে অতিরিক্ত অর্থ প্রদান করা হয়েছে বলে ব্যাংক কর্তৃপক্ষ ২৪/১২/২০১৫ খ্রি. তারিখে জানিয়েছে। অতিরিক্ত পরিশোধিত অর্থের ব্যাপারে বিভিন্ন শাখা হতে পুনরায় হিসাব সংগ্রহ করে বোর্ডকে অবহিত করবে বলে ব্যাংক জানিয়েছে। রাজশাহী বিভাগে সোনালী ব্যাংক, রাজশাহী | *(১) আগামী ২০/১১/২০১৬ খ্রি. তারিখের মধ্যে প্রধান কার্যালয় ও সকল বিভাগীয় কার্যালয়ের ২০১৫ পর্যন্ত হিসাব রিকনসাইল সম্পন্ন করতে হবে।*<br><br>*(২) রিকনসাইলের কাজ দ্রুত সম্পাদনের লক্ষ্যে একটি সভা আহবান করে উক্ত সভায় সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট এজিএম এবং সোনালী ব্যাংকের প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হবে।* |

| | | | |
|---|---|---|---|
| | | কর্পোরেট শাখার বকেয়া দাবীকৃত ১৮,২৪,৩৯,৩৩৩.৩৮ টাকার বিষয়টি যাচাই করে দেখার জন্য বোর্ডের রংপুর বিভাগীয় কার্যালয়ের উপপরিচালককে আহবায়ক করে ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটি ১৭ থেকে ২৫ জুলাই, ২০১৬ খ্রি. পর্যন্ত তথ্যাদি যাচাই করে একটি প্রতিবেদন পেশ করেছে। প্রতিবেদন মোতাবেক ৩১/১২/২০১৫ খ্রি. তারিখ পর্যন্ত বোর্ডের নিকট সোনালী ব্যাংকের পাওনার পরিমাণ ১৩,৫৮,১৬,৩৩৬.৬৪ টাকা।<br><br>সভায় আরও জানান হয় যে, মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সোনালী ব্যাংকের প্রধান কার্যালয় ও রমনা কর্পোরেট শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে গত ১৯/০৫/২০১৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কল্যাণভাতার রিকনসাইল কাজ সম্পাদনের জন্য সোনালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিএও বরাবরে ১৭ই জুলাই, ২০১৬ তারিখে একটি পত্র দেয়া হলে সোনালী ব্যাংক এ বিষয়ে সংশ্লিষ্ট কর্পোরেট শাখার এজিএমগণকে ২১শে জুলাই, ২০১৬ তারিখে পত্র প্রেরণ করে রিকনসাইল সম্পাদন করার জন্য অনুরোধ করেছে। কিন্তু কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয় ও ঢাকা বিভাগের কল্যাণ ভাতার রিকনসাইলের কাজটি কার্যত এখনো সম্পন্ন হয়নি। সভায় জানান হয় যে, জুলাই, ২০১৬ মাসে একটি সভা আহবান করে সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট এজিএম এবং কল্যাণ বোর্ডের বিভাগীয় উপপরিচালকগণকে আমন্ত্রণ জানানোর জন্য সোনালী ব্যাংক কর্তৃপক্ষকে অনুরোধ জানালেও তারা সভা আহবান করেনি।<br><br>এ বিষয়ে সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, এ ধরনের সভা কল্যাণ বোর্ড এর পক্ষ থেকে আহবান করে সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট শাখার এজিএমগণকে আমন্ত্রণ জানানো হবে। একইসাথে নভেম্বর, ১৬ মাসের ২০ তারিখের মধ্যে অন্যান্য বিভাগীয় কার্যালয়ের রিকনসাইনলের কাজ শেষ করে হালনাগাদ করতে তিনি পরামর্শ দেন। | |
| ৩। | তথ্য প্রযুক্তি সুবিধাদি (আইটি ফ্যাসিলিটিজ) ও প্রশিক্ষণ | (১) উপপরিচালক (প্রশাসন ও কল্যাণ) অবহিত করেন যে, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক কম্পিউটার/ কম্পিউটার সংশিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণা সংক্রান্ত প্রতিবেদন অনুযায়ী কম্পিউটার/কম্পিউটার সংশিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণা সংক্রান্ত কমিটির ০১/০৯/২০১৬ খ্রি. তারিখের সভায় ৬১টি কম্পিউটার ও কম্পিউটার সংশিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণা করা হয়েছে। অকেজো কম্পিউটার ও কম্পিউটার সংশিষ্ট যন্ত্রপাতি নিলামে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br><br>(২) তিনি আরও জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ম্যানুয়েল অনুযায়ী প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের প্রত্যেক কর্মচারীর জন্য বছরে ৬০ ঘন্টা | (১) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক কম্পিউটার/ কম্পিউটার সংশিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণা সংক্রান্ত প্রতিবেদন অনুযায়ী অকেজো কম্পিউটার ও কম্পিউটার সংশিষ্ট যন্ত্রপাতি নিলামে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(২) প্রত্যেক কর্মচারীর জন্য বছরে ৬০ ঘন্টা আবশ্যিক প্রশিক্ষণ কার্যক্রমে কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করে |

| | | | |
|---|---|---|---|
| | | প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করার বিষয়টি সক্রিয় বিবেচনাধীন আছে এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>(৩) উপপরিচালক বিভাগীয় কার্যালয় বরিশাল জানান যে, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ইন্টারনেট সংযোগ না থাকায় অনেক প্রার্থী কম্পিউটারের প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী হন না। এ জন্য তিনি মহিলা ও কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ইন্টারনেট সংযোগ প্রদানের প্রস্তাব করেন। তার এ প্রস্তাবের সাথে সকলে একমত প্রকাশ করে। | প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) মহিলা ও কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহে ইন্টারনেট সংযোগ প্রদান করা হবে এবং এ সংক্রান্ত ব্যয় ২০১৬-২০১৭ অর্থবছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে। |
| ৪। | ৩য় ও ৪র্থ শ্রেণির সরকারি কর্মচারীর সন্তানদের শিক্ষাবৃত্তির আবেদন নিস্পত্তি | (১) সভায় অবহিত করা হয় যে, প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের ২০১৪-২০১৫ অর্থবছরের শিক্ষাবৃত্তির সমস্ত চেক আবেদনকারীর অফিসে পাঠানো হয়েছে। বিভাগীয় কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থবছরের শিক্ষাবৃত্তির চেক আগামী ৩০/১১/২০১৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।<br>(২) প্রধান কার্যালয়ে ২০১৫-২০১৬ অর্থবছরের শিক্ষাবৃত্তির অনুদানের অর্থ EFT এর মাধ্যমে আগামী ৩০/১১/২০১৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (১) বিভাগীয় কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থবছরের শিক্ষাবৃত্তির মঞ্জুরিকৃত অর্থের চেক ৩০/১১/২০১৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।<br>(২) প্রধান কার্যালয়ে ২০১৫-২০১৬ অর্থবছরের শিক্ষাবৃত্তির অনুদানের অর্থ নভেম্বর, ২০১৬ এর মধ্যে EFT এর মাধ্যমে প্রেরণ নিশ্চিত করতে হবে। |
| ৫। | অনিস্পন্ন বিষয়াদি নিস্পত্তি | উপপরিচালক (প্রশাসন ও কল্যাণ) সভায় অবহিত করেন যে, বোর্ডের প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের কল্যাণ ভাতার অনিস্পন্ন নথিসমূহের প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের ২ মাস সময় দিয়ে তাগিদ পত্র প্রদান, তাগিদপত্র প্রদানকৃত নথিসমূহ নিস্পন্ন নথি হিসেবে আলাদাভাবে সংরক্ষণ করা হচ্ছে এবং চাহিত কাগজপত্র পাওয়ার পর ঐসব নথি মঞ্জুরির জন্য কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হচ্ছে। তবে অনিস্পন্ন নথিসমূহের কাগজপত্র যাতে তাড়াতাড়ি পাওয়া যায় সে জন্য সংশ্লিষ্ট অফিস এবং আবেদনকারীদের সাথে যোগাযোগ করার জন্যও সভাপতি অভিমত ব্যক্ত করেন। | বোর্ডের প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের কল্যাণ ভাতার অনিস্পন্ন নথিসমূহের প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের ২ মাস সময় দিয়ে তাগিদ পত্র প্রদান, তাগিদপত্র প্রদানকৃত নথিসমূহ নিস্পন্ন নথি হিসেবে আলাদাভাবে সংরক্ষণ এবং চাহিত কাগজপত্র পাওয়ার পর ঐসব নথি মঞ্জুরির জন্য কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে। অধিকন্তু অনিস্পন্ন নথিসমূহের কাগজপত্র যাতে তাড়াতাড়ি পাওয়া যায় সে জন্য সংশি-ষ্ট অফিস এবং আবেদনকারীদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ৬। | শূন্য পদের জন্য ছাড়পত্র | সভায় জানানো হয় যে, ১ম, ২য় ও ৩য় শ্রেণির শূন্য পদে নিয়োগের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনসহ অন্যান্য কার্যাদি সম্পন্ন হয়েছে। কিন্তু প্রবিধানমালায় কোন কোন পদে পদোন্নতি ও নিয়োগ সংক্রান্ত সংশোধন প্রয়োজন। এ ব্যাপারে বোর্ডের উপপরিচালক, চট্টগ্রাম-কে আহবায়ক করে কমিটি গঠন করা হয়েছে। কমিটির সুপারিশ ও প্রস্তাব সম্পর্কে ইতোমধ্যে ০১/০৮/২০১৬ খ্রি. তারিখে মহাপরিচালক মহোদয়ের উপস্থিতিতে এক সভা অনুষ্ঠিত হয়েছে। ২৪/০৮/২০১৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত কর্মশালায় গৃহীত সুপারিশ আগামী বোর্ড সভায় উপস্থাপনের বিষয়ে সভায় একমত প্রকাশ করা হয়। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩ এর সংশোধনী প্রস্তাব বোর্ড কর্তৃক অনুমোদনের পূর্বে সরকারের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। |
| ৭. | কল্যাণ ভাতা ও যৌথবীমার আবেদন কর্মচারীর সর্বশেষ কর্মস্থল অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় হতে নিষ্পন্ন করার পর আবেদনকারীর বর্তমান ঠিকানা অনুযায়ী ব্যাংকের শাখায় কার্ড প্রেরণ | সভায় অবহিত করা হয় যে, কল্যাণ ভাতা ও যৌথবীমার আবেদন কর্মচারীর সর্বশেষ কর্মস্থল হতে নিষ্পত্তি করার জন্য ১০/০৯/২০১৫ খ্রি. তারিখে একটি পরিপত্র জারি করা হয়েছে। তদপরিপ্রেক্ষিতে প্রধান কার্যালয়সহ সকল বিভাগীয় কার্যালয় হতে কল্যাণ ভাতা ও যৌথবীমার আবেদন কর্মচারীর সর্বশেষ কর্মস্থল অনুযায়ী বোর্ডের সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় হতে নিষ্পন্ন করা হচ্ছে। কিন্তু সোনালী ব্যাংক, বরিশাল কর্পোরেট শাখা আবেদনকারীর বর্তমান ঠিকানা অনুযায়ী অন্য বিভাগে অবস্থিত সোনালী ব্যাংকের শাখায় কল্যাণ ভাতার কার্ড পাঠাতে অপারগতা প্রকাশ করছেন। এতে কল্যাণ ভাতা মঞ্জুরির কার্ড আবেদনকারীগণের কাঙ্ক্ষিত ব্যাংকে না যাওয়ায় কল্যাণ ভাতা গ্রহণ করতে পারছেন না। বিভাগীয় কার্যালয়, রাজশাহীর উপপরিচালকও এ ধরনের পরিস্থিতির উদ্ভবের বিষয়ে সভায় অবহিত করেন।<br><br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ জটিলতা নিরসনের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় হতে নিষ্পত্তিকৃত আদেশনামা(কার্ড) বোর্ডের প্রধান কার্যালয়ে প্রেরণ করার জন্য মহাপরিচালক মহোদয় পরামর্শ প্রদান করেন। অতঃপর বোর্ডের প্রধান কার্যালয় থেকে এ ধরনের আদেশনামা সোনালী ব্যাংকের রমনা কর্পোরেট শাখা, ঢাকা এর মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের সোনালী ব্যাংকের শাখায় প্রেরণ করা যেতে পারে মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। | ১। কল্যাণ ভাতা ও যৌথবীমার আবেদন কর্মচারীর সর্বশেষ কর্মস্থল অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় হতে যথানিয়মে নিষ্পত্তি করতে হবে। তবে আবেদনকারীর বর্তমান ঠিকানার সোনালী ব্যাংক ভিন্ন বিভাগে হলে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় হতে নিষ্পত্তিকৃত আদেশনামাসমূহ(কার্ড) প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। প্রধান কার্যালয় সোনালী ব্যাংক রমনা কর্পোরেট শাখার মাধ্যমে আবেদনকারীর বর্তমান ঠিকানা অনুযায়ী সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় কল্যাণ ভাতা প্রদানের অনুরোধসহ আদেশনামা(কার্ড) প্রেরণ করবে।<br><br>"অন্য বিভাগের কল্যাণ ভাতার আদেশনামা প্রেরণ" রেজিষ্টার নামে একটি রেজিষ্টারে এ ধরনের কেসের বিষয়টি সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় এবং প্রধান কার্যালয় লিপিবদ্ধ করে হিসাব সংরক্ষণ করবে।এ ব্যাপারে সোনালী ব্যাংকের রমনা কর্পোরেট শাখা, ঢাকা বরাবরে একটি অনুরোধজনিত পত্র দিতে হবে। |

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২০/১১/২০১৬
(শিরিন আখতার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক

ফোন: ৯৩৪৯৩২৩
ফ্যাক্স: ৯৩৩৪৩৪৬
ই-মেইল: dg@bkkb.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রনালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

নং ০৫.৮১.০০০০.০০২.০১.০১৫.৯২(খন্ড-১)- ১৪৭৪(২০). তারিখ: ২৪/১১/১৬ খ্রি.

অবগতির জন্য অনুলিপি:

১। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২। পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। উপপরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। উপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ।
৫। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (বোর্ডের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধসহ)।
৬। হিসাব রক্ষণ অফিসার, কল্যাণ তহবিল/ যৌথবীমা তহবিল/ বোর্ড তহবিল (রাজস্ব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। কল্যাণ অফিসার (প্রশাসন)/ কল্যাণ অফিসার (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। প্রশাসনিক অফিসার, কল্যাণ তহবিল, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয় এর সদয় অবহিত করণের জন্য)।
১০। অফিস কপি।

24-11-16

(এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ)
উপপরিচালক (প্রশাসন)
ফোন : ৯৩৩০৮০৫